

ঘ। ম্যাশনরী ওয়ার্কস



ঙ) ভর্তি সংক্রান্ত তথ্যাবলী :

ঙ.১ ভর্তির যোগ্যতা :

- (১) বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।
- (২) কমপক্ষে ৫ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকতে হবে।

ঙ.২ প্রশিক্ষণের মেয়াদ :

প্রতিটি কোর্স ৩ মাসে সম্পন্ন হবে। পরবর্তীতে ৬ মাসের কোর্সও খোলা হবে।

ঙ.৩ সনদপত্র :

প্রশিক্ষণ কোর্স শেষে উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে সনদপত্র (Certificate) প্রদান করা হবে।

ঙ.৪ বৃত্তি:

প্রতি মাসের জন্য টিউশন ফি ২০০০.০০ (দুই হাজার) টাকা। দরিদ্র ও মেধাবী ছাত্রদের জন্য টিউশন ফি অর্ধেক বা সম্পূর্ণ মওকুফ করা হবে। বিশেষ ক্ষেত্রে মাসে ১০০০.০০ (এক হাজার) টাকা বা ২০০০.০০ (দুই হাজার) বৃত্তি দেয়া হবে। তার জন্য নির্ধারিত দরখাস্ত ফরম পূরণ করে দরখাস্ত করলে তা মূল্যায়ন করে সিদ্ধান্ত জানানো হবে।

ঙ.৫ কর্ম ক্ষেত্রে সহায়তা : হাতে কলমে শিক্ষাদান শেষে রিহাব এর বিভিন্ন সদস্য প্রতিষ্ঠানের বিভিন্ন প্রজেক্টে মিস্ত্রি বা সাব কন্ট্রাক্টর হিসেবে কাজে নিযুক্ত করার চেষ্টা করা হবে।

৫.০ সুপারভাইজর প্রশিক্ষণ:

নির্মাণ সাইটের কাজ পরিদর্শন করা ও সাইট পরিচালনায় দক্ষতা বৃদ্ধির জন্য নিম্নোক্ত প্রশিক্ষণ দেয়া হবে :

ক) জুনিয়র সুপারভাইজর (নির্মাণ সহকারী) : শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী, বয়স কমপক্ষে ১৮ বছর, ৩ মাসের কোর্স। প্রতি মাসের জন্য টিউশন ফি ৩০০০ হাজার টাকা বা যখন যা নির্ধারণ করে। নির্মাণ কাজে পরিদর্শন করার দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ। এ পদে শর্ট কোর্স এর ব্যবস্থা থাকবে।

৬.০ প্রকল্প ব্যবস্থাপক প্রশিক্ষণঃ

শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ডিপ্লোমা/ডিগ্রী বা সমমান, বয়স কমপক্ষে ২১ বছর। ১ মাসের কোর্স। যে কোন প্রকল্প ব্যবস্থাপনায় দক্ষতা অর্জন করার জন্য প্রশিক্ষণ। এক বা একাধিক নির্মাণ সাইট পরিচালনা করার দক্ষতা অর্জনের কারিকুলামে প্রশিক্ষণ। টিউশন ফি ৫০০০ হাজার টাকা বা যখন যা নির্ধারণ করেন। এছাড়াও শর্ট কোর্স এর ব্যবস্থা থাকবে।

৭.০ উচ্চতর ব্যবস্থাপক প্রশিক্ষণঃ

যে কোন মধ্যম বা উচ্চতর ব্যবস্থাপায় সুনির্দিষ্ট ব্যবস্থাপনা পদ্ধতি বিষয়ে শর্ট কোর্স। ৩ দিনের বা যেভাবে নির্ধারণ হয় প্রশিক্ষণ কোর্স বা কর্মশালা। ব্যবসা পরিচালনার কৌশল ও ব্যবস্থাপনা বিষয়েও কর্মশালা আকারে এ প্রশিক্ষণ দেয়া হবে। সাইট সিকিউরিটি, ডিজাইন ও কম্প্রটাকশনে ভূমিকম্প বিবেচনা করার কর্মশালার ব্যবস্থা রয়েছে। যেকোন পর্যায়ের ব্যবস্থাপক, প্রকৌশলী ও স্থপতিরা অংশ নিতে পারবেন। এর বিষয়, কারিকুলাম ও ফি কোর্স অনুযায়ী নির্ধারণ করা হবে।

৮.০ প্রশিক্ষণ সূচী :

সাধারণতঃ ৩ (তিন) টি সেশনে ছাত্র ভর্তি করা হয়।

- | | | | |
|----|--------------|---|---------------------------|
| ক) | স্প্রিং সেশন | - | ফেব্রুয়ারী হতে মে মাস |
| খ) | সামার সেশন | - | জুন হতে সেপ্টেম্বর মাস |
| গ) | উইন্টার সেশন | - | অক্টোবর হতে জানুয়ারী মাস |

৯.০ মূল্যায়ন পদ্ধতিঃ

ক) কমপক্ষে ৮০% ক্লাসে উপস্থিত থাকতে হবে।

খ) জিপিএ-৪ এর ভিত্তিতে

- (১) গ্রেড এ-জিপিএ ৩.১-৪.০
- (২) গ্রেড বি জিপিএ ২.৬-৩.০
- (৩) গ্রেড সি জিপিএ ২.১-২.৫

সকল বিষয়ে গ্রেড এর গড়।

গ) বিষয় ভিত্তিক লিখিত ও ব্যবহারিক নম্বর বন্টন :

- | | |
|--------------|-------------|
| গ্রেড এ (৪) | ৭০-৮০ নম্বর |
| গ্রেড বি (৩) | ৬০-৬৯ নম্বর |
| গ্রেড সি (২) | ৫০-৫৯ নম্বর |
| গ্রেড ডি (১) | ৪০-৪৯ নম্বর |

ঘ) চূড়ান্ত ফলাফলের ভিত্তিতে এ্যাসেসমেন্ট এ্যান্ড সার্টিফিকেশন কমিটির সুপারিশে ছাত্রের পাশ করানো চূড়ান্তকরণ ও সার্টিফিকেট প্রদান করা হয়।

১০.০ প্রশিক্ষণের সময়সূচী :

- ক) সপ্তাহে ৩ বা ৪ দিন ক্লাস হবে, যাহা কোর্সভেদে কমবেশী হতে পারে।।
- খ) ডে শিফট, সকালে ১০ টা থেকে বিকেল ৪.০০টা মধ্যে যেকোন সময় ক্লাস।
- গ) নাইট শিফট, বিকেল ৫.৩০ থেকে রাত ৮.৩০ টার মধ্যে যে কোন সময় ক্লাস।
- ঘ) কোন ছাত্র/প্রশিক্ষার্থীদের যাতায়াত ভাতা বা নাস্তা/খাবার দেয়া হয় না। কোন পোশাক পরিচ্ছেদ দেয়া হয় না। থাকার ব্যবস্থা প্রশিক্ষার্থীকে নিজ দায়িত্বে করতে হবে। ভবিষ্যতে এসব বিষয়ে কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিলে জানানো হবে। উত্তরাতে রিহ্যাব এর নিজস্ব জমিতে একটি ক্যাম্পাস শীঘ্র নির্মাণ করা হলে সেখানে নির্দিষ্ট নিয়মে কিছু হোস্টেল সুবিধা থাকবে।

১১.০ ভর্তি পদ্ধতি ও নিয়ম শৃঙ্খলাঃ

- ক) ৫০.০০ (পঁঞ্চাশ) টাকা নগদ পরিশোধ করে বা “বিকাশ” এর মাধ্যমে প্রেরণ করে আবেদন করলে ভর্তির ফরম ঠিকানা মত কুরিয়ারের মাধ্যমে প্রেরণ করা হবে বা হাতে হাতে দেয়া হবে।
- খ) ভর্তির ফরম পূরণ করে ২০০.০০ (দুইশত) টাকা নগদ প্রদান করে বা “বিকাশ” এর মাধ্যমে প্রেরণ করলে ভর্তি করা হবে ও ক্লাস শুরুর তারিখ জানানো হবে। ভর্তি করা না হলে ২০০ টাকা ফেরত দেয়া হবে।
- গ) ক্লাস শুরুর আগে এক মাসের টিউশন ফি জমা দিতে হবে। যারা বৃত্তি পেতে চান তারা স্ব স্ব ইউপি/ওয়ার্ড চেয়ারম্যান/কাউন্সিলর এর সুপারিশসহ দরখাস্ত করলে তাদের আবেদন বিশ্লেষণ করে ক্লাস শুরুর আগে জানানো হবে।
- ঘ) প্রতি মাসের টিউশন ফি মাস শুরুর আগে জমা দিতে হবে।
- ঙ) উপরে ৬.০ থেকে ৭.০ অনুচ্ছেদে বর্ণিত কোর্সের জন্য ভর্তির ফরম বিনামূল্যে সংগ্রহ করে টিউশন ফিসহ ক্লাস শুরুর আগে জমা দিলে ভর্তির বিষয়ে সিদ্ধান্ত জানানো হবে।
- চ) প্রতি ক্লাসে ২০ জনের আসন নির্দিষ্ট করা আছে। বিশেষ ক্ষেত্রে সামান্য কম বেশি করা যাবে।
- ছ) ভর্তি করার পর বা ক্লাস চলাকালীন সময়ে কোন ছাত্র/শিক্ষার্থীর আচরণ কর্তৃপক্ষের কাছে সন্তোষজনক না হলে উক্ত ছাত্র/শিক্ষার্থীকে যে কোন সময় কারণ দর্শানো হবে। জবাব সন্তোষজনক না হলে তার ভর্তি বাতিল করা হবে বা অন্য কোন শাস্তি দেয়া হবে।
- জ) ইনস্টিটিউটে রাজনৈতিক আলোচনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ঝ) ব্যবহারিক বা লিখিত প্রশিক্ষণ ইনস্টিটিউটের বাইরেও হতে পারে।
- ঞ) কারো অবহেলায় বা ইচ্ছাকৃত অপরাধে ইনস্টিটিউটের কোন ক্ষতি হলে তার জন্য তাদের ক্ষতিপূরণ দিতে হবে।
- ট) অধ্যক্ষের জারি করা নিয়মনীতি মেনে চলতে হবে। ইনস্টিটিউট সম্পূর্ণ ধূমপান মুক্ত, একই সাথে পান সেবন নিষিদ্ধ। প্রশিক্ষণের বিষয়ে সিলেবাসে বিস্তারিত থাকবে।